গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
www.shibganj.chapainawabganj.gov.bd

স্মারক নং: ০৫.৪৩.৭০৮৮.০০০.০৯.১০৩.২৫-১১০৫

তারিখ: ০৫ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২১ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত বিধিমালা স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলি সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর ৩(১)(ক), ৪ (১) (ক)- (খ), (২), (৩),৬, ৭(১). (২), (৩) এবং ৮(১),(২) ও (৩) বিধি মোতাবেক এবং ০৩ জুলাই ২০১৭ খ্রি: তারিখের এস, আর,ও নং -২৩২ আইন/২০১৭ জারিকৃত সংশোধিত প্রজ্ঞাপন অনুযায়ী চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ এর শূন্য পদ পূরণের লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সংশ্লিষ্ট ইউপি/ওয়ার্ডের বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র নং | ইউনিয়ন পরিষদের নাম | পদের নাম | শূন্যপদ সংখ্যা | ওয়ার্ড নং | শারীরিক যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতা | বেতন |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | শাহাবাজপুর | মহল্লাদার | ১ (এক) জন | ১ | **পুরুষ প্রার্থীর ক্ষেত্রে**<br>১. সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ইঞ্চি<br>২. বুকেরমাপ<br>৩০ ইঞ্চি (স্বাভাবিক)<br>৩২ ইঞ্চি (সম্প্রসারণ)<br>৩. সর্বনিম্নওজন ৫০ কেজি<br><br>**মহিলা প্রার্থীর ক্ষেত্রে**<br>১. সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট<br>২. বুকেরমাপ<br>২৮ ইঞ্চি (স্বাভাবিক),<br>৩০ ইঞ্চি (সম্প্রসারণ)<br>৩. সর্বনিম্নওজন ৪৫ কেজি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ৬৫০০/-(ছয় হাজার পাঁচশত) টাকা নির্ধারিত |
| ২. | দাইপুকুরিয়া | মহল্লাদার | ৩ (তিন) জন | ১, ২, ৩ | | | |
| ৩. | মোবারকপুর | মহল্লাদার | ১ (এক) জন | ৯ | | | |
| ৪. | চককীর্তি | মহল্লাদার | ১ (এক) জন | ৪ | | | |
| ৫. | কানসাট | মহল্লাদার | ১ (এক) জন | ৭ | | | |
| ৬. | শ্যামপুর | মহল্লাদার | ১ (এক) জন | ৬ | | | |
| ৭. | বিনোদপুর | মহল্লাদার | ১ (এক) জন | ৪ | | | |
| ৮. | দুর্লভপুর | মহল্লাদার | ১ (এক) জন | ৯ | | | |
| ৯ | ধাইনগর | মহল্লাদার | ১ (এক) জন | ৪ | | | |
| ১০ | নয়ালাভাঙ্গা | মহল্লাদার | ১ (এক) জন | ৪ | | | |
| ১১ | ছত্রাজিতপুর | মহল্লাদার | ১ (এক) জন | ৫ | | | |
| | মোট | | ১৩(তেরো) জন | | | | |

## শর্তাবলি:

০১. প্রার্থীকে চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলাধীন সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে।

০২. প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে।

০৩. প্রার্থীকে উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ , চাঁপাইনবাবগঞ্জকে সম্বোধন করে তাঁর কার্যালয়ে আগামী ১০/১১/২০২৫ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি বা ডাকযোগে নির্ধারিত ফরমে আবেদন দাখিল করতে হবে।

০৪. আবেদনের সাথে উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জের অনুকূলে সোনালী ব্যাংক (পিএলসি) শাখার ১০০ (একশত) টাকা মূল্যমান ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে।

০৫. আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতার নাম (গ) স্বামী/স্ত্রীর নাম (ঘ) মাতার নাম (ঙ) স্থায়ী ঠিকানা (চ) বর্তমান ঠিকানা (ছ) জন্ম তারিখ (জ) ১০/১১/২০২৫ খ্রি. তারিখে বয়স (ঝ) জাতীয়তা (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) ধর্ম (ঠ) বৈবাহিক অবস্থা (ড) অভিজ্ঞতা (যদি থাকে) (ঢ) বিশেষ কোটার কোন প্রার্থী হলে কোটার নাম উল্লেখ করতে হবে। কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমানপত্রের সত্যায়িত ছায়ালিপি।

০৬. আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট কাগজপত্র সংযুক্ত করতে হবে (ক) ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের সত্যায়িত কপি (খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙিন ছবি (গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদ পত্রের মূলকপি (ঘ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি (ঙ) জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি (চ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি (ছ)বিশেষ কোটার কোন প্রার্থী হলে এ সংক্রান্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র সংযুক্ত করতে হবে (জ) প্রার্থীকে অব্যবহৃত ১০ (দশ) টাকার ডাকটিকেট যুক্ত ৪.৫ বাই ১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে। খামে মোবাইল নম্বর ও যোগাযোগের ঠিকানা উল্লেখ করতে হবে।

চলমান পৃষ্ঠা-০২

০৭. সকল প্রার্থীর বয়স ১০/১১/২০২৫ খ্রি. তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।
০৮. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে।
০৯. নির্বাচন পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবেনা।
১০. অবসরপ্রাপ্ত গ্রাম পুলিশের পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।
১১. প্রথম ৬ (ছয়) মাস শিক্ষানবিশ হিসেবে ও অস্থায়ী হিসেবে কর্মরত থাকতে হবে।
১২. নিয়োগ ও চাকুরির ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধিমালা অনুসরণ করা হবে।
১৩. নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন

স্বাক্ষরিত
(মোঃ আজাহার আলী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মহল্লাদার নিয়োগ/বাছাই কমিটি
শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
ফোনঃ ০২৫৮৮৮৯৫৫০৭
e-mail: unoshibganjchapainawabganj@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
www.shibganj.chapainawabganj.gov.bd

স্মারক নং: ০৫.৪৩.৭০৮৮.০০০.০৯.১০৩.২৫-১১০৫(৩০)

তারিখ: ০৫ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ / ২১ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:**

১। জেলাপ্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
২। উপপরিচালক, স্থানীয় সরকার, চাঁপাইনবাবগঞ্জ
৩। প্রশাসক, উপজেলা পরিষদ, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ

**অনুলিপি সদয় কার্যার্থে:**

৪। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান, ইউপি প্রশাসনিক কর্মকর্তা, শাহাবাজপুর/দাইপুকুরিয়া/মোবারকপুর/চককীর্তি/কানসাট/শ্যামপুর/বিনোদপুর/দুর্লভপুর/ধাইনগর/নয়ালাভাঙা/ছত্রাজিতপুর ইউপি, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ। নিয়োগ বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ইউনিয়নের গুরুত্বপূর্ণ স্থানে এবং হাটবাজারে বহুল প্রচার করত: নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো
৫। উপজেলা ......................................................কর্মকর্তা, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
৬। অফিসার ইনচার্জ, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
৭। উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ(নিয়োগ বিজ্ঞপ্তিটি উপজেলা ও ইউনিয়ন তথ্য বাতায়নে প্রকাশ করার জন্য)
৮। নোটিশবোর্ড
৯। অফিসকপি।

২১/১০/২৫

(মোঃ আজাহার আলী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মহল্লাদার নিয়োগ/বাছাই কমিটি
শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ